

বাংলাদেশ নির্বাচন কমিশন
সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
রাজশাহী।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মনোনয়ন ফরম গ্রহণ ও মনোনয়নপত্র দাখিলের সহায়ক নিয়মাবলী:

- * ভোটার তালিকার সিডি জন্ম বাবদ পৌরসভার প্রতি সাধারণ ওয়ার্ডের জন্য ৫০০/- টাকা এবং প্রতি ইউনিয়নের জন্য ৫০০/- হারে কোড নম্বর ১-০৬০১-০০০১-২৬৩১ অথবা ১০৬০১০১১০০১২৫-১৪২৩২৫৩ তে ট্রেজারী চালানের মাধ্যমে অথবা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা করে জমাদানের মূলকপি জমা দিয়ে মনোনয়ন ফরম সংগ্রহ করতে হবে এবং চালানের ফটোকপি মনোনয়নপত্র জমা দেয়ার সময় মনোনয়নপত্রের সাথে সংযুক্ত করতে হবে (অফেরতযোগ্য)।
- * নির্বাচনী জামানতঃ মনোনয়নপত্র জমাদানের পূর্বে জামানত বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা কোড নং ৬-০৬০১-০০০১-৮৪৭৩ অথবা ১০৯০৩০২১০১৪৪৩-৮১১৩৫০১ তে ট্রেজারী চালানের মাধ্যমে অথবা ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার/নগদ এর মাধ্যমে জমা করতে হবে এবং জমাদানের মূলকপি মনোনয়নপত্রের সহিত সংযুক্ত করতে হবে।
- * যথাযথভাবে মনোনয়ন ফরম পূরণ ও নির্ধারিত স্থানে, প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর নাম, ভোটার নম্বর, ভোটার তালিকার ক্রমিক নম্বর ভোটার তালিকা দেখে এবং ঠিকানা ও অন্যান্য তথ্যাদি সুস্পষ্ট করে লিখতে হবে। স্বাক্ষরের স্থানে যথাযথভাবে স্বাক্ষর দিতে হবে।
- * কোন প্রার্থী একাধিক মনোনয়নপত্র দাখিল করলে ১টি মনোনয়নপত্রের সাথে জামানত বাবদ জমাকৃত অর্থের মূল কপি দিবেন, অপরটিতে জামানতের প্রমাণপত্রের ফটোকপি দিতে হবে।
- * নির্বাচনের ব্যয় নির্বাহের জন্য মনোনয়নপত্র দাখিলের পূর্বে অবশ্যই তফসিলি ব্যাংকে একটি নতুন ব্যাংক একাউন্ট খুলতে হবে। ব্যাংকের হিসাব নং, ব্যাংকের নাম, শাখার নাম মনোনয়নপত্রের নির্দিষ্ট স্থানে উল্লেখ করতে হবে।
- * নিবন্ধিত রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্ষায়ের পদাধিকারী স্বাক্ষরিত দলের মনোনয়ন প্রদানের প্রমাণপত্রের মূলকপি সংযুক্ত করতে হবে।
- * স্বতন্ত্র প্রার্থীর জন্য সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার এক শতাংশ ভোটারের সমর্থনসূচক স্বাক্ষর/টিপসহি সম্বলিত তালিকা (নির্ধারিত ছকে) প্রদান করতে হবে। তবে ইতিপূর্বে জাতীয় সংসদের কোন নির্বাচনে সংসদ সদস্য নির্বাচিত হয়ে থাকলে এক শতাংশ ভোটারের সমর্থনসূচক স্বাক্ষর/টিপসহি তালিকা প্রদান করতে হবে না। সংসদ সদস্য নির্বাচিত হলে তার স্বপক্ষে প্রমাণাদি (গেজেট) দাখিল করতে হবে।
- * মনোনয়নপত্রের সঙ্গে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ৮টি তথ্য সম্বলিত হলফনামা সংযুক্ত করতে হবে।
- * হলফনামায় ৮টি তথ্যের বিপরীতে সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রাসঙ্গিক দলিলাদি সংযুক্ত করতে হবে। যেমন সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি।
- * নির্বাচনী ব্যয় নির্বাহ করার জন্য অর্থ প্রাপ্তির সন্ধ্য উৎসের বিবরণী (ফরম-২০) সংযুক্ত করতে হবে।
- * প্রার্থীর সম্পদ ও দায় এবং বার্ষিক আয় ও ব্যয়ের বিবরণী (ফরম-২১) সংযুক্ত করতে হবে।
- * আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র, সর্বশেষ আয়কর বিবরণী ও সম্পদ বিবরণী এর অবিকল প্রত্যয়িত কপি মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে।
- * প্রার্থীর সদ্য তোলা দুই (০২) কপি রঙ্গীন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি মনোনয়নপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- * প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি মনোনয়নপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- * প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর ভোটার নম্বর সম্বলিত ছবিছাড়া ভোটার তালিকার ফটোকপি মনোনয়নপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- * তাৎক্ষণিক যোগাযোগের জন্য টেলিফোন নম্বর, মোবাইল নম্বর ও ইমেল ঠিকানা সচল রাখতে হবে।
- * অনলাইনের মাধ্যমে পোর্টালে প্রবেশ করে মনোনয়ন ফরম উঠানো ও জমা দেয়া যাবে। সে ক্ষেত্রে প্রিন্ট কপি রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট জমা দিতে হবে।

বিঃ দ্রঃ মনোনয়নপত্র ও সংযুক্তিসহ A4 সাইজ কাগজে ফটোকপি করে মূলকপিসহ ০৩ (তিন) সেট রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট জমা দিতে হবে।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে রাজশাহী জেলার ৬টি জাতীয় সংসদের নির্বাচনী আসন ভিত্তিক ছবিছাড়া ভোটার তালিকার সিডি ক্রয়ের মূল্য ও নির্বাচনী জামানতের পরিমাণ:

নির্বাচনী এলাকার নম্বর ও নাম	মোট ভোটার সংখ্যা	ইউনিয়ন ও পৌরসভা ওয়ার্ড এর সংখ্যা	ছবিছাড়া ভোটার তালিকার সিডির মূল্য (প্রতি ইউনিয়নের জন্য ৫০০/- ও প্রতি পৌর সাধারণ ওয়ার্ডের জন্য ৫০০/- হারে)	জামানতের পরিমাণ (টাকা)
৫২ রাজশাহী-১ (গোদাগাড়ী ও তানোর)	৪৪০২১৮	ইউনিয়ন-১৬ টি পৌর ওয়ার্ড- ৩৬ টি	২৬০০০/-	২০,০০০/-
৫৩ রাজশাহী-২ (রাজশাহী সিটি কর্পোরেশন এলাকা)	৩৫২৭১৬	সিটি ওয়ার্ড-৩০ টি	১৫,০০০/-	২০,০০০/-
৫৪ রাজশাহী-৩ (পবা ও মোহনপুর)	৪০০৬৩৩	ইউনিয়ন-১৪ টি পৌর ওয়ার্ড- ২৭ টি	২০,৫০০/-	২০,০০০/-
৫৫ রাজশাহী-৪ (বাগমারা)	৩০৫৮৮১	ইউনিয়ন-১৬ টি পৌর ওয়ার্ড- ১৮ টি	১৭,০০০/-	২০,০০০/-
৫৬ রাজশাহী-৫ (দুর্গাপুর ও পুঠিয়া)	৩৩৭১৯৮	ইউনিয়ন-১৩ টি পৌর ওয়ার্ড- ১৮ টি	১৫,৫০০/-	২০,০০০/-
৫২ রাজশাহী-৬ (চারঘাট ও বাঘা)	৩৪০৫২৩	ইউনিয়ন-১৩ টি পৌর ওয়ার্ড- ২৭ টি	২০,০০০/-	২০,০০০/-